



# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৬-২০১৭/১৫৫৬

তারিখ: ১৮ ডিসেম্বর ২০১৬

## ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীর ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীর অনলাইন ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ২০ ডিসেম্বর ২০১৬ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১৬ জানুয়ারি ২০১৭ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ([www.admissions.nu.edu.bd](http://www.admissions.nu.edu.bd) অথবা [nu.edu.bd/admissions](http://nu.edu.bd/admissions)) থেকে আগ্রহী প্রার্থীদের উক্ত আবেদন ফরম অনলাইনে পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকাসহ আবেদন ফরমে উল্লিখিত কলেজে ১৭ জানুয়ারি ২০১৭ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীর ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের কোন ভর্তি পরীক্ষা দিতে হবে না। তাদের SSC ও HSC পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করা হবে।

নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী প্রাথমিক আবেদন ফরম পূরণ ও কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
১।	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটের ( <a href="http://www.admissions.nu.edu.bd">www.admissions.nu.edu.bd</a> অথবা <a href="http://nu.edu.bd/admissions">nu.edu.bd/admissions</a> ) Degree Pass tab এ Apply Now (Degree Pass) অপশনে ক্লিক করে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে।	২০/১২/২০১৬ থেকে ১৬/০১/২০১৭
২।	প্রার্থীর প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকাসহ প্রয়োজনীয় কাগজপত্র আবেদন ফরমে উল্লিখিত কলেজে জমা দেয়ার তারিখ	২১/১২/২০১৬ থেকে ১৭/০১/২০১৭
৩।	কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার তারিখ কলেজ কর্তৃক যে সকল প্রার্থীর প্রাথমিক আবেদন নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে নিশ্চয়ন করা হবে না সে সকল প্রার্থীকে মেধা তালিকায় স্থান দেয়া হবে না অর্থাৎ তারা এ ভর্তি কার্যক্রমে অর্ন্তভুক্ত হবে না।	২১/১২/২০১৬ থেকে ২২/০১/২০১৭
৪।	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফি সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ কলেজ কর্তৃক প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [প্রার্থী প্রতি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে] “সোনালী সেবা” এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ [কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Drgee Pass) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন ‘সোনালী সেবা’ প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।]	২৩/০১/২০১৭ থেকে ৩১/০১/২০১৭
<b>দৃষ্টি আকর্ষণ</b>		
২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণীর ভর্তি কার্যক্রমে সংশ্লিষ্ট কলেজের ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ভর্তি কার্যক্রমে বরাদ্দকৃত User ID, Password বহাল থাকবে এবং One Time Password (OTP) পেতে পূর্বের মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস বহাল থাকবে। তবে স্নাতক (পাস) পর্যায়ে নতুন অধিভুক্ত কলেজসমূহের জন্য অথবা যাদের ই-মেইল এ্যাড্রেস পূর্বে প্রদান করা হয়নি তাদের User ID, Password এবং One Time Password (OTP) পেতে মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেসসহ ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর আবেদন করতে হবে।		

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোবাম্বেরা খানম)

ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

ফোন : ৯২৯১০৬৮, ফ্যাক্স-৯২৯১০৭২

ই-মেইল- deanug@nubd.info

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীয়বিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৬-২০১৭/১৫৫৬

তারিখ: ১৮ ডিসেম্বর ২০১৬

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য প্রযুক্তি দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি (একাডেমিক) দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (ডিগ্রী পাস)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪